**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আজকের ভারত সমগ্র বিশ্বের আত্মবিশ্বাসে অনুপ্রেরণা যোগাচ্ছে ।**

**(২) রাজ্যে বন্যা পরবর্তী ত্রাণ ও পুনরুদ্ধারের কাজকে দ্রুততার সঙ্গে সম্পন্ন করার লক্ষ্যে আজ সচিবালয়ে সকল দপ্তরের উচ্চপদস্থ আধিকারিক এবং সকল জেলাশাসকদের নিয়ে ভার্চুয়াল পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় ।**

**(৩) কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু আজ সংসদীয় বিষয়ক মন্ত্রকের ১০০ দিনের কৃতিত্বের অংশ হিসাবে ৬টি উদ্যোগের উদ্বোধন করেছেন ।**

*******************************************

**PM, Semiconductor :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তর প্রদেশের গ্রেটার নয়ডায় ইন্ডিয়া এক্সপো মার্টে সেমিকন ইন্ডিয়া ২০২৪-এর উদ্বোধন করেন। তিনি প্রদর্শনীটি ঘুরে দেখেন। আজ থেকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত তিন দিনের এই সম্মেলনে ভারতের প্রকৌশলীদের সেমিকন্ডাক্টর কৌশল এবং নীতি প্রদর্শিত হবে, যার মধ্য দিয়ে সেমিকন্ডাক্টর ক্ষেত্রে ভারতকে বিশ্বের প্রধান কেন্দ্রে পরিণত করার দিশা তুলে ধরা হয়েছে। অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী সেমিকন-এর সমস্ত সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, আজকের ভারত সমগ্র বিশ্বের আত্মবিশ্বাসে অনুপ্রেরণা যোগাচ্ছে। তিনি দেশের গবেষণার কাজে উৎসাহ ও সহায়তা দিতে ১ লক্ষ

কোটি টাকার বিশেষ গবেষণা তহবিলের সংস্থান রাখার কথাও উল্লেখ করেন।

***************************

**Review Meeting :**

রাজ্যে বন্যা পরবর্তী ত্রাণ ও পুনরুদ্ধারের কাজকে দ্রুততার সঙ্গে সম্পন্ন করার লক্ষ্যে আজ সচিবালয়ে সকল দপ্তরের উচ্চপদস্থ আধিকারিক এবং সকল জেলাশাসকদের নিয়ে ভার্চুয়াল পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা সহ অন্যান্য আধিকারিকরা। বৈঠকে  প্রতিটি দপ্তরের ক্ষয়ক্ষতির পরিমাণ ও পুনরুদ্ধারের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। পাশাপাশি ক্ষতিগ্রস্ত সড়ক ও বাড়িঘরের পুণঃর্নির্মাণ, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা, সুস্বাস্থ্য সুনিশ্চিতকরণ, পাণীয়জলের সুবন্দোবস্ত, কৃষকদের সাহায্য, নিঃশুল্ক রেশন সামগ্রীর বন্টন, পাঠ্যপুস্তক বিতরণ, নির্মাণ শ্রমিকদের সহায়তা সহ একাধিক গৃহীত কর্মসূচির সর্বশেষ অবস্থা সম্পর্কে আলোচনা করা হয় এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে মুখ্যমন্ত্রী দপ্তরের অধিকারিকদের নির্দেশ দেন।

***************************

**Oath-Gomoti :**

গোমতী জিলা পরিষদের সভাধিপতি হিসাবে দেবল দেবরায় এবং সহকারি সভাধিপতি হিসাবে সুজন কুমার সেন আজ শপথ গ্রহণ করেন। উদয়পুরের রাজর্ষি হলে আয়োজিত অনুষ্ঠানে তাদের শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের সচিব ড. সন্দীপ আর রাঠোর। এর আগে গোমতী জিলা পরিষদের নবনির্বাচিত ১৩ জন সদস্য-সদস্যাদের শপথবাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক রঞ্জিত দাস, জীতেন্দ্র মজুমদার, গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা প্রমুখ।

***************************

**Rashtriya Poshan Maah-South :**

শিশু ও সন্তানসম্ভবা মায়েদের সবসময় পুষ্টিকর খাবার খাওয়ানোর আহ্বান জানিয়ে আজ জোলাইবাড়ি সুসংহত বিকাশ প্রকল্পের উদ্যোগে শোভাযাত্রা ও আলোচনাসভার মাধ্যমে রাষ্ট্রীয় পোষন মাস উদযাপন করা হয়। অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের বর্ণাঢ্য শোভাযাত্রা জোলাইবাড়ি বাজার এলাকা পরিক্রমা করে। কমিউনিটি হলে আয়োজিত আলোচনাচক্রে বক্তব্য রাখেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। জোলাইবাড়ি সুসংহত বিকাশ প্রকল্পের প্রকল্প আধিকারিক দেবাশীষ রায় ও স্বাস্থ্য দপ্তরের কর্মী পূজা মজুমদার কোন খাবারের পুষ্টিগন কতটা এবং শিশু ও সন্তানসম্ভবা মায়েদের কি ধরনের খাবার কিভাবে খাওয়াতে হবে এই বিষয়ে বিস্তৃত আলোচনা করেন।

***************************

**PM-JANMAN-South :**

দ্বিতীয় পর্যায়ে পিএম জনমন কর্মসূচির প্রচার ও সুবিধাভোগীদের হাতের নাগালে প্রশাসনিক সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে আজ দক্ষিন জেলার বকাফা ব্লকের কাঁঠালিয়াছড়া ভিলেজে মাঠে ও দেবীপুর ভিলেজের দেবীপুর কমিউনিটি হলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। কাঁঠালিয়াছড়া ভিলেজ মাঠের শিবির পরিদর্শন করেন দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস। এই শিবিরে কাঁঠালিয়াছড়া ভিলেজের এবং দেবীপুর কমিউনিটি হলের দেবীপুর ভিলেজ এলাকার রিয়াং জনগোষ্ঠীর লোকজনদের চিকিৎসা পরিষেবা, উপজাতি শংসাপত্র, ত্রিপুরায় স্থায়ী বসবাসের শংসাপত্র, গৃহপালিত পশুর চিকিৎসা পরিষেবা সহ বিভিন্ন প্রশাসনিক সুযোগ সুবিধা প্রদান করা হয়।

**************************

**PM Vishwakarma-Sepahijala :**

পি.এম বিশ্বকর্মা প্রকল্পে ৩৫০ জন প্রশিক্ষণার্থীর ৫ দিনব্যাপী প্রশিক্ষণ মধ্যে শংসাপত্র প্রদান অনুষ্ঠানে ৫ দিনের প্রশিক্ষণ আজ নলছড় কমিউনিটি হলে শেষ হয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক কিশোর বর্মণ প্রশিক্ষনার্থীদের হাতে শংসাপত্র তুলে দেন। নলছড় বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্রে সেলাই কাজ, বাঁশের ঝুড়ি বানানো ও কাঠ মিস্ত্রীরর কাজের প্রশিক্ষণ প্রদান করা এই প্রশিক্ষণার্থীদের। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপন কুমার দাস, ন্যাশনাল স্কিল ডেভেলাপমেন্ট কর্পোরেশনের DPMU রিধি ধর, নর্থ ইর্স্টান হ্যান্ডিক্র্যাপ্ট এন্ড হ্যান্ডলুম ডেভলাপমেন্ট কর্পোরেশন লিমিটেডের স্টেট কোর্ডিনেটর অসীম সূত্রধর প্রমুখ।

***************************

**Training for asst. defence counsel :**

নরসিংগড়ে ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে আজ থেকে অ্যাসিস্ট্যান্ট ডিফেন্স কাউন্সেলদের তিনদিনের প্রশিক্ষন শিবির শুরু হয়েছে। রাজ্যের আট জেলার জেলা ও দায়রা আদালতে নিযুক্ত অ্যাসিস্ট্যান্ট ডিফেন্স কাউন্সেলরা এই শিবিরে অংশ নিয়েছেন। শিবিরের উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির অধিকর্তা আশুতোষ পান্ডে, রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী। শ্রীমতি চৌধুরী জানান, নতুন ফৌজদারি আইনগুলি সম্পর্কে সচেতনতা গড়ে তুলতে এই প্রশিক্ষণে জোর দেওয়া হয়েছে।

***************************

**Kiren Rijiju :**

কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু আজ সংসদীয় বিষয়ক মন্ত্রকের ১০০ দিনের কৃতিত্বের অংশ হিসাবে ৬টি উদ্যোগের উদ্বোধন করেছেন। মন্ত্রী ন্যাশনাল ই-বিধান অ্যাপ্লিকেশান 2.0 বা NeVA 2.0, অধস্তন আইন ব্যবস্থাপনা, পরামর্শমূলক কমিটি

ম্যানেজমেন্ট সিস্টেম, ন্যাশনাল ইয়ুথ পার্লামেন্ট স্কিম 2.0 এবং একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল বিষয়ক উদ্যোগ চালু করেছেন। এই উদ্যোগগুলির লক্ষ্য একটি কাগজবিহীন আইনী পরিবেশ অর্জন, বাস্তব-সময়ের শাসনকে উন্নীত করা এবং আরও ভাল সিদ্ধান্ত গ্রহণের দিকে পরিচালিত করা। শ্রী রিজিজু একলব্য মডেল আবাসিক স্কুলের শিক্ষার্থীদের জন্য জাতীয় যুব সংসদ প্রতিযোগিতার একটি নতুন প্রকল্পও চালু করেছেন।

*******************************

**Rail Coach :**

কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী, গজেন্দ্র সিং শেখাওয়াত আজ নতুন দিল্লির রাজঘাটে মহাত্মা গান্ধীকে নিবেদিত একটি বিশেষ রেল কোচের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে মন্ত্রী বলেন, মহাত্মা গান্ধীর জীবন অনেকের জন্য অনুপ্রেরণা এবং তাঁর অহিংসার নীতি এখনও সারা বিশ্বের বর্তমান ভূ-রাজনৈতিক পরিস্থিতিতে প্রাসঙ্গিক। তিনি বলেন, সরকার প্রতিরক্ষা ও প্রযুক্তির মতো ক্ষেত্রে গান্ধীজির আত্মনির্ভর ভারতের দৃষ্টিভঙ্গি অনুসরণ করছে। তিনি আরও বলেন, প্রকৃতি শোষণের কারণে সাম্প্রতিক সময়ে জলবায়ু পরিবর্তন একটি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তিনি সবাইকে গাছ ও গ্রহ রক্ষায় মহাত্মা গান্ধীর শিক্ষা অনুসরণ করার আহ্বান জানান।

***************************

**CPIM-Khowai :**

সিপিআইএম খোয়াই বিভাগীয় কমিটির পক্ষ থেকে সাত দফা দাবির ভিত্তিতে আজ খোয়াই জেলার জেলাশাসকের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে ছিল বন্যার কারণে ভেঙ্গে যাওয়া রাস্তা ঘাট সংস্কার, বিদ্যুৎ ব্যবস্থার উন্নতি করণ, বন্যায় ক্ষতিগ্রস্তদের আবাস যোজনায় ঘর প্রদান এবং আর্থিক সাহায্য প্রদান। জেলা শাসক চাঁদনী চন্দ্রানের কাছে

ডেপুটেশন প্রদানকালে উপস্থিত ছিলেন বিধায়ক নির্মল বিশ্বাস, প্রাক্তন বিধায়ক পদ্ম কুমার দেববর্মা ও অন্যান্য নেতৃবৃন্দ।

***************************

**Congress :**

প্রদেশ কংগ্রেস কমিটির এক বৈঠক আজ আগরতলায় অনুষ্ঠিত হয়। এই বৈঠকে রাজ্যের সার্বিক পরিস্থিতি এবং দলের সাংগঠনিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন এআইসিসি সম্পাদক ক্রিস্টোফা তিলক প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, বিধায়ক গোপাল রায় সহ অন্যান্য নেতৃবৃন্দ।

****************************

**Deputation-TSF :**

ককবরক ভাষায় রোমান হরফের ব্যবহার, ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদ এলাকায় মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে আজ রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর কাছে ডেপুটেশনে প্রদান করে টিএসএফের এক প্রতিনিধিদল। টিএস এফের পক্ষ থেকে জানানো হয় যে দীর্ঘ দিন যাবৎ ককবরক ভাষায় রোমান হরফের ব্যবহারের দাবি জানিয়ে আসা হচ্ছে। তারপরও দাবি পূরণের সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করছে না। তাই সংগঠনের পক্ষ থেকে আজ রাজ্যপালের নিকট তাদের দাবি সনদ তুলে দেওয়া হয়।

**************************

**Deputation :**

দৃষ্টিহীনদের স্বার্থসংশ্লিষ্ট ৯ দফা দাবি নিয়ে আজ সচিবালয়ে শিক্ষা দপ্তরে বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমারের স্মারকলিপি প্রদান করে অল ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশন। সংগঠনের সাধারণ সম্পাদক মিঠুন সাহা জানিয়েছেন ৬ জনের এক প্রতিনিধি দল বিশেষ সচিবের সঙ্গে মিলিত হয়ে ৯ দফা দাবি সম্মিলিত

স্মারকলিপি পেশ করেন। দাবি গুলির মধ্যে রয়েছে দৃষ্টিহীন শিক্ষার্থীদের সিলেবাস অনুযায়ী ব্রেইল বইয়ের ব্যবস্থা করা, বিদ্যালয়গুলিতে পর্যাপ্ত পরিমাণে দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য শিক্ষক নিয়োগ করা ইত্যাদি।

******************************

**TSECL Puja Connection :**

আসন্ন শারদ উৎসব উপলক্ষে পুজা উদ্যোক্তা ও অস্থায়ী ব্যবসায়ীদের জন্য বিদ্যুৎ নিগমের পক্ষ থেকে অস্থায়ী বিদ্যুৎ সংযোগের আবেদন চাওয়া হয়েছে। অস্থায়ী বিদ্যুৎ সংযোগের জন্য আগামী ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত আবেদন করা যাবে।

******************************

**Ramkrishna Mission :**

আমেরিকার শিকাগোতে স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক ভাষণকে স্মরণীয় করে রাখতে আজ ধলেশ্বর রামকৃষ্ণ মিশনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। বিবেকানন্দ সেবা গৃহে অনুষ্ঠিত হয় এই সভায় আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে মিশনের সম্পাদক স্বামী অমৃতানন্দ মহারাজ এই দিনটির তাৎপর্য ব্যাখ্যা করেন। তিনি বলেন দেশবাসীর কাছে আজকের দিনটি গর্বের। এই দিনেই ১৮৯৩ সালে শিকাগোতে ধর্মীয় সভায় বক্তব্য রেখে বিশ্বের দরবারে ভারতকে উচ্চ শিখরে নিয়ে গেছেন স্বামীজি।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪ তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত

লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

****************************

**Cm meets Aradhya :**

জাতীয় ও আন্তর্জাতিক স্তরে দাবায় পদক জয়ী আরাধ্যা দাস আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সাথে তাঁর সরকারি বাসভবনে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে মুখ্যমন্ত্রী আরাধ্যাকে পদক জয়ের জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং তার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন।

**********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, দক্ষিণ এবং গোমতী জেলার দু এক জায়গায় ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ও সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।

*************************